

# কেন ?

যদি, মরমে লুকায়ে রবে, হৃদয়ে শূকায়ে যাবে,  
কেন প্রাণভরা আশা দিলে গো ?  
তব, চরণ-শরণ-তরে, এত ব্যাকুলতা-ভরে,  
কেন ধাই, যদি নাহি মিলে গো ?  
পাপী তাপী কেন সবে, তোমারে ডাকিয়া ক'বে,  
মনোব্যথা তুমি না শুনিলে গো ?  
যদি, মধুর সান্না-ভরে, তুমি না মুছাবে করে,  
কেন ভাসি নয়ন-সলিলে গো ?  
আনন্দে অনন্ত প্রাণ, করিছে বন্দনা-গান,  
অবিশ্রান্ত অনন্ত নিখিলে গো;  
ওগো, সকলি কি অর্থহীন! শূন্য, শূন্যে হবে লীন?  
তবে কেন সে গীত সৃজিলে গো ?  
এতই আবেগ প্রভু, ব্যর্থ কি হইবে কভু,  
একান্ত ও চরণে সঁপিলে গো ?  
যদি, পাতকী না পায় গতি, কেন, ত্রিভুবন-পতি,  
পতিত-পাবন নাম নিলে গো ?